



কঠিন সময়ে ক্রিকেটার অনিকের পাশে দাঁড়ালেন তারেক রহমান



সংগৃহীত ছবি

২০১৮ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে খেলা বাংলাদেশের এক সময়ের প্রতিশ্রুতিশীল পেসার কাজী অনিক ইসলাম এখন কঠিন সময়ে। দীর্ঘ ইনজুরি এবং অবহেলার কারণে মাঠের বাইরে থাকা অনিকের পাশে এগিয়ে আসেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

সামাজিক যোগাযোগমাধ্যমে সম্প্রতি অনিকের জীবনযাত্রার এই কঠিন অধ্যায় প্রকাশ পায়। বিষয়টি নজরে আসতেই মিরপুরের পল্লবীতে পৌঁছান বিএনপির কেন্দ্রীয় ক্রীড়া বিষয়ক সম্পাদক ও জাতীয় দলের সাবেক অধিনায়ক আমিনুল হক। সেখানে তারেক রহমানের পক্ষ থেকে অনিকের হাতে সহায়তা তুলে দেওয়া হয়।

এর আগে বিসিবির কাছে দু-একবার সাহায্যের চেষ্টা করেও অনিক ফল পায়নি। এবার রাজনৈতিক দলের এই সমর্থনে তিনি খুশি। কৃতজ্ঞতা প্রকাশ করে অনিক আবারও জাতীয় দলের মাঠে ফিরবার স্বপ্ন দেখছেন।

LENS ASIA